Department of
Education

**Joel I. Klein**
*Chancellor*

**Kathleen Grimm**
*Deputy Chancellor*

সেপ্টেম্বর, ২০১০

প্রিয় পিতামাতা এবং অভিভাবকমণ্ডলী,

আমরা আপনাদের সদয় অবগতির জন্য একটি ফেডারেল কর্মসূচির কথা জানাতে চাই, যে কর্মসূচির মাধ্যমে আপনাদের পরিবার সন্তানদের পুষ্টিকর ও সুস্বাদু খাবার পরিবেশন করেও বছরে সন্তানপ্রতি ২৫০ ডলারেরও বেশি সাশ্রয় করতে পারবেন। এই কর্মসূচির নাম ন্যাশন্যাল স্কুল লাঞ্চ প্রগ্রাম (এনএসএলপি) এবং নির্দিষ্ট পারিবারিক আয়ের সীমারেখা অনুযায়ী এসব ফ্রি এবং হ্রাসকৃত মূল্যের স্কুল লাঞ্চ পরিবেশন করা হয়। বিশেষজ্ঞরা একমত হয়েছেন যে পুষ্টিকর খাবার গ্রহণকারী শিক্ষার্থীরা শিক্ষা লাভের জন্য ভালোভাবে প্রস্তুত থাকে।

ফেডারেল আয়ের সীমারেখাসমূহের মধ্যে যেসব পরিবারের আয়, সেসব পরিবারের সন্তানরা ফ্রি বা হ্রাসকৃত মূল্যে খাবার পাওয়ার উপযুক্ত হবে। আপনার সন্তানের উপযুক্ততা নিশ্চিত হতে পিতামাতা বা অভিভাবককে অবশ্যই স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন (স্কুলে খাবার পাওয়ার আবেদনপত্র) পূরণ ও জমা দিতে হবে। আবেদনপত্র স্কুল বছরের শুরুতে বিলি করা হয় এবং ফেরত দেয়ার পর সেগুলো পর্যালোচনা করা হয়। পরিবারের সব স্কুল-বয়েসী সন্তানের জন্য অনলাইনে অ্যাক্সেস এনওয়াইসি-এর www.nyc.gov/accessnyc ওয়েবসাইটে গিয়েও আপনারা সহজে এই আবেদনপত্র পূরণ করতে পারেন।

গত বছর আপনার সন্তানের স্কুলটি ইউনিভার্সেল স্কুল মিলস (ইউএসএম) কর্মসূচিতে অংশগ্রহণ করেছিল যেখানে আবেদনপত্র জমা দেয়া বাধ্যতামূলক ছিলো না এবং সকল শিক্ষার্থী ফ্রি লাঞ্চ খেতে পেয়েছে। এ বছর আপনার সন্তানের স্কুল ইউএসএম কর্মসূচি থেকে বেরিয়ে যাচ্ছে এবং ফ্রি বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য কি-না সেটা নিশ্চিত করার জন্য সকল ছেলেমেয়ে একটি আবেদনপত্র জমা দেবে বলে প্রত্যাশিত। আমরা সকল পরিবারকে একটি নতুন স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন অনতিবিলম্বে জমা দেয়ার আহ্বান জানাচ্ছি যাতে তাদের সন্তানের ফ্রি বা হ্রাসকৃত মূল্যে খাবার লাভের যোগ্যতার অবস্থা নির্ধারণ করা এবং তাদের পরিবারের আর্থিক অবস্থার সাথে সামঞ্জস্যবিধান করা যায়। এছাড়াও, এই বিজ্ঞপ্তির আওতায় যেসব স্কুল আছে, সেগুলোর জন্য ২০১০/২০১১ স্কুল বছরের আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ সেপ্টেম্বর ২৪, ২০১০। আবেদনপত্র জমা দিতে ব্যর্থ শিক্ষার্থীদেরকে অক্টোবর ১ থেকে লাঞ্চের জন্য পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে। (এসব স্কুলের একটি তালিকা এই বিজ্ঞপ্তির উল্টো পৃষ্ঠায় মুদ্রিত আছে)।

স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন পূরণ করতে সহায়তার প্রয়োজন হলে কিংবা আপনার একটি নতুন আবেদনপত্রের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন বা স্কুল ফুড হেল্প ডেস্ক-এ (718) 707-4400 নম্বরে ফোন করুন। অনেক স্কুলের প্রিন্সিপ্যাল এনএসএলপি কর্মসূচি সংক্রান্ত বিষয়ে স্কুলের বিশেষজ্ঞ হিসেবে কোন একজন কর্মীকে নিযুক্ত করেন।

আপনাদের বিশ্বস্ত,

Kathleen Grimm

ক্যাথলিন গ্রিম

52 Chambers Street • Room 320 • New York, NY 10007
Telephone: 212-374-0209 Fax: 212-374-5588

T&I-14444 (Bengali)

| |
|---|
| PS 64 - Robert Simon |
| Childrens Workshop School |
| Tompkins Square MS Extension |
| PS 11 William T. Harris |
| NYC Museum School of Future |
| PS 149 Sojourner Truth |
| PS 125 Ralph Bunche |
| PS 129 John H Finley |
| Columbia Secondary School for Math, Science, & Engineering |
| PS/I.S. 210 -21st Century Academy for Community Leadership |
| PS 3 Raul Julia Micro Society |
| PS 59 The Community School of Technology |
| PS 91 Bronx |
| Riverdale/Kingsbridge Academy MS/HS 141 |
| PS 41 Gun Hill Road |
| PS 3 The Bedford Village |
| PS 8 Robert Fulton |
| PS 9 Teunis G. Bergen |
| PS 189 Lincoln Terrace |
| PS 163 Bath Beach |
| PS 100 The Coney Island School |
| PS 209 Margaret Mead |
| PS 212 Lady Deborah Moody |
| PS 215 Morris H Weiss |
| Brooklyn Studio Secondary School |
| PS 255 Barbara Reing School |
| PS 71 Forest |
| PS 88 Seneca |
| PS 60 Woodhaven |
| PS 96 |
| PS 108 Capt Vincent G Fowler |
| JHS 226 Virgil I Grissom |
| PS 30 Queens |
| PS 175 The Lynn Gross Discovery School |
| PS 78 |
| PS 11 Thomas Dongan |
| PS 20 Port Richmond |
| PS 46 Albert V. Maniscalco |
| P231K @ PS 215K |
| P370K @ PS 100K |
| P370K @ The Jim Thorpe School (Main) |
| P094M @ Childrens Workshp School |
| P094M @ Tompkins Square Extension |
| P811M @ PS 149M / Harlem Child MS |
| P009Q @ Walter Reed School (Main) |
| P075Q @ PS 88Q |
| P177Q @ William Prince (Main) |
| P233Q @ JHS 226 Virgil I Grissom |
| P721Q @ Queens Occupational Training Center (OTC) |